

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০১৭-২০১৮ অর্থ-বছর) পর্যালোচনা সভা

আজ ১৮ সেপ্টেম্বর ২০১৭ সকাল-১০.৩০ ঘটিকায় ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম এর সভাপতিত্বে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি ও বাস্তবায়নসহ সার্বিক দিক নিয়েও আলোচনা হয়। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মন্ত্রণালয়ের সকল বিভাগ ও অনুবিভাগের কর্মকর্তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য সমূহ হল- নিরাপদ অভিবাসন এবং প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ; বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি; দক্ষ জনশক্তি সৃষ্টি এবং বৈদেশিক মুদ্রার প্রবাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান করা। এ সকল কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় মন্ত্রণালয়ের সকল উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।